# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

কৃষি ও পল্লী ঋণ বিভাগ
www.krishibank.org.bd

সূত্রঃ বিকেবি/প্রকা/কৃপবি-৩২৫/২০২৩-২০২৪/৭৩১ তারিখঃ ১০-০৬-২০২৪ খ্রিঃ

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃ অর্থায়ন স্কিমের আওতায় জানুয়ারি-ডিসেম্বর, ২০২৪ পর্যন্ত ঋণ বিতরণের লক্ষ্যমাত্রার বিপরীতে আনুপাতিক অর্জন প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বিকেবি, কৃষি ও পল্লী ঋণ বিভাগের পত্র নং ৭১৪, তারিখ ০৩-০৬-২০২৪ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। ১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃ অর্থায়ন স্কিমের আওতায় জানুয়ারি-ডিসেম্বর, ২০২৪ পর্যন্ত অত্র ব্যাংকের ঋণ বিতরণের স্বনির্ধারিত লক্ষ্যমাত্রা ১৭০.০০ (একশত সত্তর) কোটি টাকা যা ১৮.০১.২০২৪ তারিখের পত্র নং ১২৬(১২৫০) এর মাধ্যমে বিভাগওয়ারী বিভাজন পূর্বক মাঠ কার্যালয়ে পত্র জারি করা হয়েছে। আলোচ্য স্কিমের আওতায় অত্র ব্যাংকের জন্য বরাদ্দকৃত লক্ষ্যমাত্রার বিপরীতে ০৫.০৬.২০২৪ তারিখ ভিত্তিক Web Portal এর রিপোর্ট অনুযায়ী বিভাগওয়ারী ঋণ বিতরণের সার্বিক পরিস্থিতি নিম্নরূপঃ

(কোটি টাকায়)

| ক্রঃ নং | বিভাগের নাম | ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা (৩১ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে বিতরণযোগ্য) | লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন | অর্জনের শতকরা হার (%) |
|---|---|---|---|---|
| ১ | ঢাকা | ৫০.০০ | ২২.৫৩ | ৪৫% |
| ২ | ময়মনসিংহ | ১৫.০০ | ৮.৮০ | ৫৯% |
| ৩ | চট্টগ্রাম | ১৫.০০ | ৮.৬০ | ৫৭% |
| ৪ | খুলনা | ১০.৯০ | ৪.২৯ | ৩৯% |
| ৫ | বরিশাল | ২৩.০০ | ৯.৮৮ | ৪৩% |
| ৬ | সিলেট | ১৪.০০ | ৮.০১ | ৫৭% |
| ৭ | কুমিল্লা | ১৮.০০ | ৮.৫৮ | ৪৮% |
| ৮ | ফরিদপুর | ১৫.০০ | ৬.৫০ | ৪৩% |
| ৯ | কুষ্টিয়া | ৯.০০ | ৪.৫০ | ৫০% |
| ১০ | এলপিও | ০.১০ | ০.০০ | --- |
| মোটঃ | | **১৭০.০০** | **৮১.৬৯** | **৪৮%** |

০৩। উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায়, উক্ত স্কিমের আওতায় ঋণ বিতরণের ১৭০(একশত সত্তর) কোটি টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে ০৫.০৬.২০২৪ তারিখ ভিত্তিক মোট অর্জন ৮১.৬৯ কোটি টাকা যা সামগ্রিক লক্ষ্যমাত্রার ৪৮%।

০৪। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্টের ০৫.০৯.২০২১ তারিখের এফআইডি সার্কুলার নং-০১ এবং অত্র বিভাগ কর্তৃক জারিকৃত সার্কুলার লেটার নং-১০২৭(১২৫০), ৬৪১(১২৫০) ও ৭১৪ তারিখ যথাক্রমে- ০৮.১২.২০২১, ০৪.০৯.২০২২ ও ০৩.০৬.২০২৪ এ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক আগামী ৩১ ডিসেম্বর, ২০২৪ তারিখের মধ্যে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের লক্ষ্যে তদারকি জোরদার ও কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

১০/০৬/২০২৪

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ই-মেইলঃ dgmppd@krishibank.org.bd

চলমান পাতা-০২

বিষয়ঃ ১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃ অর্থায়ন স্কিমের আওতায় জানুয়ারি-ডিসেম্বর, ২০২৪ পর্যন্ত ঋণ বিতরণের লক্ষ্যমাত্রার বিপরীতে আনুপাতিক অর্জন প্রসঙ্গে।

সূত্রঃ বিকেবি/প্রকা/কৃপবি-৩২৫/২০২৩-২০২৪/৭৩১ তারিখঃ ১০.০৬.২০২৪ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্ বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত লেটারটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।

১০/০৬/২০২৪
(মোহাম্মদ শরিফুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক

# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
কৃষি ও পল্লী ঋণ বিভাগ
www.krishibank.org.bd

সূত্রঃ বিকেবি/প্রকা/কৃপবি/২০২৩-২০২৪/১২৬(১২৫০) তারিখঃ ১৮-০১-২০২৪ খ্রিঃ

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ "১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃ অর্থায়ন স্কিম" এর আওতায় জানুয়ারী হতে ডিসেম্বর-২০২৪ পর্যন্ত ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্টের পত্র নং এফআইডি/১০২/২০২৪-১৭ তারিখ ০১-০১-২০২৪ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত পত্রের নির্দেশনার আলোকে "১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃ অর্থায়ন স্কিম" এর আওতায় জানুয়ারি-ডিসেম্বর, ২০২৪ পর্যন্ত ঋণ বিতরণের বিভাগওয়ারী লক্ষ্যমাত্রা নিম্নোক্তভাবে নির্ধারণ করা হলো।

**এফআইডি সার্কুলার নং-০১ এর আওতায় নির্ধারিত লক্ষ্যমাত্রা ঃ** কোটি টাকায়

| ক্রঃ নং | বিভাগের নাম | ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা (৩১ ডিসেম্বর, ২০২৪ তারিখের মধ্যে বিতরণযোগ্য) |
|---|---|---|
| ১ | ঢাকা | ৫০.০০ |
| ২ | ময়মনসিংহ | ১৫.০০ |
| ৩ | চট্টগ্রাম | ১৫.০০ |
| ৪ | খুলনা | ১০.৯০ |
| ৫ | বরিশাল | ২৩.০০ |
| ৬ | সিলেট | ১৪.০০ |
| ৭ | কুমিল্লা | ১৮.০০ |
| ৮ | ফরিদপুর | ১৫.০০ |
| ৯ | কুষ্টিয়া | ৯.০০ |
| ১০ | এলপিও | ০.১০ |
| মোটঃ | | ১৭০.০০ |

সংশ্লিষ্ট মহাব্যবস্থাপকগণ উপরোক্ত লক্ষ্যমাত্রা মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখাসমূহের পারফরমেন্স, বাস্তব অবস্থা ও সম্ভাব্যতার নিরিখে ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে পুনঃবন্টন করবেন। একইভাবে বিভাগীয় কার্যালয় হতে প্রাপ্ত লক্ষ্যমাত্রা অঞ্চল প্রধানগণ শাখাসমূহের মধ্যে বন্টন করবেন। বন্টনকৃত লক্ষ্যমাত্রা একীভূত করে বিভাগীয় কার্যালয়সমূহ আগামী ২৫.০১.২০২৪ তারিখের মধ্যে অত্র বিভাগকে অবহিত করবেন। **এ খাতে বিতরণকৃত ঋণের মাসিক ও ত্রৈমাসিক বিবরণী বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত এক্সেল ফরমেটে সঠিকভাবে প্রস্তুতপূর্বক পরবর্তী মাসের ০৮(আট) তারিখের মধ্যে বিভাগীয় কার্যালয়সমূহ এবং এলপিও কে প্রধান কার্যালয়ের কৃষি ও পল্লী ঋণ বিভাগে প্রেরণ করতে হবে।** কোন অবস্থাতেই শাখা, মুখ্য আঞ্চলিক কার্যালয়/আঞ্চলিক কার্যালয়সমূহ ও কর্পোরেট শাখাসমূহ সরাসরি কৃষি ও পল্লী ঋণ বিভাগে বিবরণী না পাঠানোর জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, এ খাতে ঋণ বিতরণের তথ্য Web Portal এ সঠিকভাবে আপলোড করতে হবে এবং পুনঃ অর্থায়ন প্রতিবেদনের সাথে Web Portal এর তথ্য হুবহু মিল থাকতে হবে।

চলমান পাতা-০২

বিষয়ঃ "১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃ অর্থায়ন স্কিম" এর আওতায় জানুয়ারী হতে ডিসেম্বর-২০২৪ পর্যন্ত ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্টের ০৫.০৯.২০২১ তারিখের এফআইডি সার্কুলার নং-০১ এবং অত্র বিভাগ কর্তৃক জারিকৃত সার্কুলার লেটার নং-৪৩৪(১২৫০), ১০২৭(১২৫০) ও ৬৪১(১২৫০) তারিখ যথাক্রমে-০৯.০৯.২০২১, ০৮.১২.২০২১ এবং ০৪.০৯.২০২২ এ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক আগামী ৩১ ডিসেম্বর, ২০২৪ তারিখের মধ্যে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের লক্ষ্যে শাখাসমূহকে দৈনিক ভিত্তিতে লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন তদারকি জোরদার ও কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

১৮/০১/২০২৪

(মোহাম্মদ শরিফুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)
ই-মেইলঃ dgmppd@krishibank.org.bd

সূত্রঃ বিকেবি/প্রকা/কৃপবি-৩২৫/২০২৩-২০২৪/১২৬(১২৫০) তারিখঃ ১৮.০১.২০২৪ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্ বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত লেটারটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।

১৮.০১.২০২৪
(রাজন চন্দ্র বিশ্বাস)
ঊর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট

সূত্র নংঃ এফআইডি/১০২/২০২৪- ১৭

তারিখ: ০১ জানুয়ারি ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়,
ঢাকা।

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং. ৬৬২২ তারিখ: ১১.০১.২৪
ব্যবস্থাপনা পরিচালক

মহোদয়,

**"১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃঅর্থায়ন স্কিম" সংক্রান্ত সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। ১৭ ডিসেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত "১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃঅর্থায়ন স্কিম" সংক্রান্ত সভার কার্যবিবরণী এতদসঙ্গে প্রেরণ করা হলো এবং আপনাদের ব্যাংকের ২০২৪ সালের স্বনির্ধারিত লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক আগামী ১৫/০১/২০২৪ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ করার জন্য আপনাদেরকে অনুরোধ করা যাচ্ছে।

৩। অনুগ্রহ করে পত্রের প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মাহমুদুল হাসান)
সহকারী পরিচালক
ফোনঃ ০১৮২৮১৬৪৬৬৮
ইমেইল: mahmudul.hasan536@bb.org.bd

মহাব্যবস্থাপক (পরি ও পরি) এর দপ্তর
নং- ৬৮৪ তারিখ ১৪/০১/২৪
উমব্য, ক্রেডিট/আঃ বাণিজ্য/ফরেন রেমিঃ
সিসিবিডি
মহাব্যবস্থাপক

উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়-২
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
নং......৩৭......তারিখ ১৪/১/২৪
বিভাগ GMOP
ডিএমডি-২